



যুদ্ধবিরতি ভেঙে আবারও লেবাননে ইসরায়েলের হামলা



সংগৃহীত ছবি

লেবাননের দক্ষিণাঞ্চলে আবারও বিমান হামলা চালিয়েছে ইসরায়েল, যা ২০২৪ সালের যুদ্ধবিরতি চুক্তি ভঙ্গ করে করা হয়েছে। এই হামলায় অন্তত দুইজনের মৃত্যু হয়েছে।

লেবাননের স্বাস্থ্য মন্ত্রণালয় জানায়, বিনত জবাইল এলাকার আল-সাওয়ান এবং খিরবেত সেলেমের মধ্যে একটি স্থানে ড্রোন হামলায় একজন নিহত হন। একইভাবে নাবাতিয়ের ইকলিম আল-তুফাহ এলাকায় গাড়িতে হামলায় আরেকজন প্রাণ হারান।

রাষ্ট্রীয় সংবাদ সংস্থা এনএনএ জানায়, ড্রোনগুলো ক্ষেপণাস্ত্র নিক্ষেপের পর স্থানীয় এলাকায় টহল দিচ্ছে।

ইসরায়েলি সেনাবাহিনী এখনো এ হামলার বিষয়ে কোনো মন্তব্য করেনি।

গত কয়েক সপ্তাহে দক্ষিণ লেবাননে উত্তেজনা ক্রমেই বাড়ছে। সীমান্ত এলাকায় প্রায় প্রতিদিন বিমান হামলা ও গোলাবর্ষণ চালানো হচ্ছে।

২০২৩ সালের অক্টোবর থেকে শুরু হওয়া ইসরায়েলের সামরিক অভিযান ২০২৪ সালের সেপ্টেম্বর থেকে পূর্ণাঙ্গ আক্রমণে পরিণত হয়েছে। এতে এ পর্যন্ত ৪ হাজারের বেশি মানুষ নিহত এবং ১৭ হাজারেরও বেশি আহত হয়েছেন।